বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ভোকেশনাল শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website : www.bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৩১.৩৬২.১৩.৪৫ তারিখ : ১৫ নভেম্বর, ২০২১ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিষয়: জাতীয় দক্ষতামান দ্বিতীয় (NSS-II) ও জাতীয় দক্ষতামান তৃতীয় (NSS-III) শিক্ষাক্রমের চূড়ান্ত পরীক্ষা ২০২০ এর ফরম পূরণ ও পরীক্ষার সময়সূচী প্রসঙ্গে।

অত্র বোর্ডের অধীন ২০২০ সনের জাতীয় দক্ষতামান দ্বিতীয় (NSS-II) ও জাতীয় দক্ষতামান তৃতীয় (NSS-III) শিক্ষাক্রমের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের প্রতিষ্ঠান ভিত্তিক সম্ভাব্য তালিকা (Probable list) আগামী ১৮/১১/২০২১ খ্রিঃ হইতে ২১/১১/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত বোর্ডের ওয়েবসাইটে দেওয়া হবে। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের নির্ধারিত ফি জমা দিয়ে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অন-লাইনে ফরম পূরণ করতে হবে। ফরম পূরণের তারিখ, পরীক্ষার সময়সূচী, পরীক্ষার ফি-সমূহের হার এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি এতদ্ সঙ্গে দেওয়া হলো।

পরীক্ষার্থীদের শ্রেণিবিন্যাস:

১.১ ২০২০ (জানুয়ারি হইতে ডিসেম্বর) শিক্ষাবর্ষে জাতীয় দক্ষতামান দ্বিতীয় (NSS-II) ও জাতীয় দক্ষতামান তৃতীয় (NSS-III) শিক্ষাক্রমের অধ্যয়নরত সকল ছাত্র-ছাত্রী এই পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে গণ্য হবে।

১.২ ২০১৯ সালের (NSS-II) ও (NSS-III) পরীক্ষার অনুত্তীর্ণ পরীক্ষার্থী এই পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে গণ্য হবে।

১.৩ ২০১৯ সালের পরীক্ষায় যে সকল অনিয়মিত পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তাহারা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে সংযোগরক্ষাকারী ফি প্রদান পূর্বক পরীক্ষয় অংশ গ্রহণ করতে পারবে।

২। ফি সংক্রান্ত তথ্যাদি:

ক্রমিক নং	বিবরণ	প্রতি পরীক্ষার্থী	মন্তব্য
১.	পরীক্ষার ফি	৪০০/-	বোর্ডের প্রাপ্য ১০০%
২.	কেন্দ্র ফি	৪০০/-	কেন্দ্রের প্রাপ্য ১০০%
৩.	ব্যবহারিক বিষয়ক কেন্দ্র ফি	৫০-/	কেন্দ্রের প্রাপ্য ১০০%
৪.	নম্বরপত্র ফি	৬০/-	বোর্ডের প্রাপ্য ১০০%
৫.	বাস্তব প্রশিক্ষণ ফি	১২০/	বোর্ডের প্রাপ্য ৭০/- ও প্রতিষ্ঠানের ৫০/-
৬.	সনদপত্র ফি	১০০/-	বোর্ডের প্রাপ্য ১০০%
৭.	সংযোগরক্ষাকারী ফি	৩০০/-	বোর্ডের প্রাপ্য ১০০% (প্রযোজ্য ক্ষেত্রে)

ফি আদায় ও বোর্ডে প্রেরণ :

- নিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে (পরীক্ষার ফি + নম্বরপত্র ফি + বাস্তব প্রশিক্ষণ ফি + সনদপত্র ফি) বাবদ (৪০০+৬০+৭০+১০০)=৬৩০.০০ (ছয়শত ত্রিশ) টাকা এবং অনিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে (পরীক্ষার ফি + নম্বরপত্র ফি) বাবদ (৪০০+৬০)=৪৬০.০০ (চারশত ষাট) টাকা হারে আদায়পূর্বক বোর্ডে প্রেরণ করতে হবে।
- প্রযোজ্য ক্ষেত্রে সংযোগরক্ষাকারী ফি, বিলম্ব ফি ও জরিমানা যথারীতি বোর্ডে প্রেরণ করতে হবে ।
- বাস্তব প্রশিক্ষণের (১২০-৭০)=৫০.০০ টাকা বোর্ডের নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে মূল্যায়ন কাজের পারিশ্রমিক হিসাবে শিক্ষকদের মধ্যে ব্যয়যোগ্য এবং অবশিষ্ট ৭০.০০(সত্তর) টাকা বোর্ডে প্রেরণ করতে হবে, যা পরীক্ষার ফি হিসাবে ৫০০.০০ টাকা এবং বাস্তব প্রশিক্ষন বহির জন্য ২০.০০ টাকা ধার্য।

৩। ফরম পূরণ ও ব্যাংক ড্রাফটসহ ফাইনাল লিষ্টের প্রিন্ট আউট/হার্ডকপি বোর্ডে জমা প্রদান, প্রবেশপত্র, উত্তরপত্র ও অন্যান্য ফরম বিতরণ নিম্নোক্ত ছক মোতাবেক সম্পন্ন করিতে হইবে।

বিবরণ	তারিখ
অন-লাইনে ফরম পূরণ	১৮/১১/২০২১ খিঃ হইতে ২১/১১/২০২১ খ্রিঃ
ব্যাংক ড্রাফট (DD), ব্যাংকে জমা ও চূড়ান্ত তালিকা বোর্ডে জমাদান এবং প্রবেশপত্র, উত্তরপত্র ও অন্যান্য কাগজপত্র বিতরণের তারিখ	২৪/১১/২০২১ খিঃ হইতে ২৫/১১/২০২১ খ্রিঃ

- বর্ণিত তারিখের পরে কোন ফরম পূরণের সুযোগ থাকবেনা।
- জাতীয় দক্ষতামান বহিরাগত পরীক্ষার্থীগণ শুধুমাত্র পূর্বযোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণ হলেই ফরম পূরন করতে হবে।
- ওয়েবসাইটে প্রদত্ত যাবতীয় নির্দেশাবলী দেখিয়া অন-লাইনে ফরম পূরণ করিতে হইবে। অন-লাইনে ফরম পূরণ সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে ০১৭২৮৩৬৬৩৪৪ নম্বরে যোগাযোগ করতে হবে।

৪। বাস্তব প্রশিক্ষণ (IA)

ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির ০৩ দিনের মধ্যে শিক্ষার্থীদের ৬ সপ্তাহব্যাপি বাস্তব প্রশিক্ষণে সংযুক্ত করতে হবে । এই বাস্তব প্রশিক্ষণ সমাপ্তির ৩ দিনের মধ্যেই বাস্তব প্রশিক্ষণের নম্বর স্বঃ স্বঃ প্রতিষ্ঠানকে অন-লাইনে প্রেরণ করতে হবে । নম্বর প্রেরণের পর এর হার্ডকপিও বোর্ডে প্রেরণ করতে হবে। যথাসময়ে এ নম্বর অন-লাইনে প্রেরণ না করিলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীগণ উল্লিখিত বিষয়ে অকৃতকার্য হিসাবে গণ্য হবে।

৫। পরীক্ষার সময়সূচি:

তত্ত্বীয় পরীক্ষা :			
তারিখ ও বার	বিষয়	পরীক্ষা	সময়
০১/১২/২০২১ খ্রিঃ (বুধবার)	সকল ট্রেড	NSS-III	সকাল ১০ টা
০২/১২/২০২১ খ্রিঃ (বৃহস্পতিবার)	সকল ট্রেড	NSS-II	সকাল ১০ টা
ব্যবহারিক পরীক্ষা :			
০৭/১২/২০২১ খ্রিঃ (মঙ্গলবার)	সকল ট্রেড	NSS-III	সকাল ৯ টা
০৮/১২/২০২১ খ্রিঃ (বুধবার)	সকল ট্রেড	NSS-II	সকাল ৯ টা

১. ব্যবহারিক পরীক্ষা : সকাল ৯ টা হইতে দুপুর ১২ টা এবং দুপুর ২ টা হতে বিকাল ৫ টা পর্যন্ত গ্রহণ করতে হবে এবং ১২/১২/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ব্যবহারিক পরীক্ষার নম্বর অনলাইনে বোর্ডে প্রেরণ করতে হবে ।

২. বাস্তব প্রশিক্ষণ : ০৯/১২/২০২১ খ্রিঃ হতে ১৯/০১/২০২২ খ্রিঃ পর্যন্ত বাস্তব প্রশিক্ষণ চলবে এবং ২৩/০১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ট্রেড ভিত্তিক বাস্তব প্রশিক্ষণের নম্বর ১৯/০১/২০২২ খ্রিঃ অনলাইনের মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে ।

বিশেষ নির্দেশাবলী :

ক. প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে ।

খ. পরীক্ষার্থীগণ তাহাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হইতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে তিনদিন পূর্বে সংগ্রহ করবে।

গ. উত্তরপত্রের নির্ধারিত অংশে নির্ভুলভাবে নাম ও রোল নম্বর লিখতে হবে।

ঘ. পরীক্ষার্থীকে তত্ত্বীয় ও ব্যবহারিক অংশে পৃথক পৃথক ভাবে পাস করতে হবে।

ঙ. তত্ত্বীয় ও ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই হাজিরা সীট ব্যবহার করতে হবে।

চ. কোভিড-১৯ মহামারির কারণে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

স্বাঃ/-

(প্রকৌশলী মোঃ আবদুর রহমান)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন: ০২-৫৫০০৬৫২৫ (অফিস)

স্মারক নং ৫৭.১৭.০০০০.৩০৩.৩১.৩৬২.১৩.৪৫ তারিখ : ১৫ নভেম্বর, ২০২১ খ্রিঃ

অনুলিপি, সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে প্রেরণ করা হলো(জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। উপ পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল।
৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অধ্যক্ষ, বিকেটিটিসি, নাসিরাবাদ, চট্টগ্রাম/ বগুড়া/বিজিটিটিসি, মিরপুর, ঢাকা/বিকেটিটিসি, মিরপুর, ঢাকা।
৭। উপ পরীক্ষা নিয়ন্ত্রক(গোপনীয়)/(সনদ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। উপ সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১। অফিস নথি।

Ablaasi

(প্রকৌশলী জাকারিয়া আব্বাসী)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)
ফোন : ৫৫০০৬৫২৭ (অফিস)